বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি কোম্পানি)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.boesl.gov.bd

স্মারক নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০০১.১৭-৭১৩ তারিখ: ১৭.০৮.২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশি কর্মী ইপিএস-এর আওতায় নিয়োগের লক্ষ্যে কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন নিবন্ধন-২০২২

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরিয়া প্রজাতন্ত্র-এর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির ভিত্তিতে এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস) কর্মসূচির বাস্তবায়ন করা হয়। ইপিএস-এর আওতায় দক্ষিণ কোরিয়ার শিল্পখাতে বাংলাদেশি প্রার্থীদের চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি) অংশগ্রহনের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত নিবন্ধন সাইট eps.boesl.gov.bd অনলাইন নিবন্ধন সম্পন্ন করা যাবে।

২। নিবন্ধনের ধাপ: এইচআরডি কোরিয়ার চাহিদা মোতাবেক মোট ২৪,০০০ (চব্বিশ হাজার) জন প্রার্থী দুই ধাপে কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন:

২.১। কোরীয় ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে ৯,০০০ (নয় হাজার) জন এবং
২.২। লটারি পদ্ধতিতে ১৫,০০০ (পনেরো হাজার) জন।
২.৩। প্রার্থীর যেকোনো একটি ধাপে আবেদন করতে পারবে।
২.৪। কোনো প্রার্থী দুই ধাপে আবেদন করলে তার নিবন্ধন বাতিল হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

৩.১। শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান;
৩.২। বয়স সীমা ২৯-০৮-১৯৮২ থেকে ২৮-০৮-২০০৪ পর্যন্ত;
৩.৩। পাসপোর্ট-এর মেয়াদ ২৮-০৮-২০২২ তারিখ পর্যন্ত থাকতে হবে;
৩.৪। যার কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা নেই;
৩.৫। কোরীয় ভাষা পড়া, লেখা ও বোঝার পারদর্শিতা থাকতে হবে;
৩.৬। মাদকাসক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
৩.৭। যার কোন দিন রাষ্ট্রীয় নির্দেশে কারা অন্তরীণ বা গুরুতর শাস্তি হয়নি;
৩.৮। যার কোন দিন সরকারি এজেন্সি কর্তৃক দক্ষিণ কোরিয়ার পোর্ট থেকে ফেরত পাঠানো হয়নি, বা কোরিয়া হতে বের হওয়ার নির্দেশ দেয়া হয়নি;
৩.৯। যার উপর বিদেশ যাত্রায় কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই এবং
৩.১০। ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়ায় ৫ বছর বা ততোধিক কাল বসবাস করেননি এমন ব্যক্তি।

৪। প্রার্থী বাছাই প্রক্রিয়া

৪.১। প্রথম রাউন্ড পরীক্ষা (ইউবিটি)
৪.২। দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট)
৪.৩। প্রাপ্ত স্কোর মূল্যায়ন।

৫। নিবন্ধন প্রক্রিয়া

৫.১। **কোরীয় ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে ৯০০০ জন**

কোরীয় ভাষা পরীক্ষা (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে কোরীয় ভাষা পারদর্শী আগ্রহী প্রার্থীগণ আগামী ২৮-০৮-২০২২ তারিখ নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য পূরণ পূর্বক এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ২৮ মার্কিন ডলার সমপরিমাণ অর্থসহ মোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি (অফেরতযোগ্য) প্রদান ও নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কোরীয় ভাষা কোর্স সম্পন্নের সনদসহ অনলাইনে আগে আসলে আগে পাবেন (first come first

serve) ভিত্তিতে নিবন্ধন সম্পন্ন করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত ৯০০০ (নয় হাজার) জন প্রার্থী প্রাপ্তি সাপেক্ষে নিবন্ধন সাইট স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে:

শর্তসমূহ:

- উক্ত প্রার্থীদের কোরীয় ভাষা পরীক্ষায় দুই ধাপে সম্পন্ন হবে- (ক) ১ম ধাপ শুরু হবে ২১ থেকে ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখ ৩০০০ (তিন হাজার) জন এবং (খ) ২য় ধাপ শুরু হবে ১১ থেকে ২৮ অক্টোবর ২০২২ তারিখ ৬০০০ (ছয় হাজার) জন-এর শুরু হবে।
- কোরীয় ভাষা শিক্ষা সনদ-এর বৈধতার মেয়াদ (ন্যূনতম ১২০ ঘণ্টা) নিবন্ধনের তারিখ থেকে ৫ বৎসর।
- কোরীয় ভাষা পারদর্শীদের মধ্যে যারা এইচআরডি কোরিয়া কর্তৃক কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)'তে ১০০ নম্বরের কম পাবেন, তাদেরকে আগামী দুই বছর কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- জাল/ভুয়া কোরীয় ভাষা শিক্ষা সনদ প্রদানকারী ও ব্যবহারকারীকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আগামী ৫ বৎসর নিবন্ধন কার্যক্রমে যুক্ত থাকতে পারবে না মর্মে কালো তালিকাভুক্ত করা হবে।
- জাল/ভুয়া কোরীয় ভাষা শিক্ষা সনদ প্রদানকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদেরকে ভবিষ্যতে নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৫.২। **লটারি পদ্ধতিতে ১৫০০০ জন:**

৫.২.১। কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণ আগামী ২৮-০৮-২০২২ তারিখ নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য পূরণ পূর্বক নির্ধারিত নিবন্ধন ফি ৫০০/- (পাঁচশ) টাকা (অফেরতযোগ্য) প্রদান সাপেক্ষে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর নিবন্ধন সাইট স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। উক্ত প্রার্থীদের কোরীয় ভাষা পরীক্ষা শুরু হবে ২০২৩ সনে।

৫.২.২। নির্ধারিত ১৫০০০ জন প্রার্থী হতে নিবন্ধনকৃত প্রার্থীর সংখ্যা বেশি হলে এইচআরডি কোরিয়া কর্তৃক লটারির মাধ্যমে কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)'তে অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থী নির্বাচন করা হবে।

৫.৩। লটারি সংক্রান্ত কার্যক্রম বোয়েসেল কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে এবং লটারির তারিখ সংক্রান্ত নোটিশ বোয়েসেল এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচার করা হবে।

৫.৩.১। আগ্রহী প্রার্থীগণ স্বেচ্ছায় লটারির সময় উপস্থিত থাকতে পারেন।

৫.৩.২। লটারিতে উত্তীর্ণ প্রার্থীদের এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ২৮ মার্কিন ডলার সমপরিমাণ অর্থ প্রদান পূর্বক কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৫.৪। কোরীয় ভাষা পরীক্ষা (ইউবিটি)'তে অংশগ্রহণের নির্ধারিত ২৪০০০ (চব্বিশ হাজার) জন প্রার্থী পূরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে লটারিতে উত্তীর্ণ অপেক্ষমাণ প্রার্থী থেকে সুযোগ দেয়া হবে।

৬। **পরীক্ষার তফসিল (কোরীয় ভাষা পারদর্শী ৯০০০ জন):**

নিবন্ধনের তারিখ	ব্যক্তি ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা	পরীক্ষার তারিখ	ফলাফল ঘোষণা	আবেদনকারীর জন্ম তারিখ
আগস্ট ২৮~৩০	সেপ্টেম্বর ১৪	প্রথম ধাপ-৩০০০ জন সেপ্টেম্বর ২১~২৯	অক্টোবর ১৪	আগস্ট ২৯, ১৯৮২ ~ আগস্ট ২৮, ২০০৪
	সেপ্টেম্বর ১৪	দ্বিতীয় ধাপ-৬০০০ জন অক্টোবর ১১~২৮	নভেম্বর ১৪	

দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট):

প্রথম রাউন্ডে কোরীয় ভাষা পরীক্ষায় যারা ১১০ পেয়ে উত্তীর্ণ হবেন কেবল তারাই স্কিল টেস্টের জন্য নির্ধারিত ভেনুতে ২য় রাউন্ড পরীক্ষার জন্য উপস্থিত থাকতে হবে।

স্কিল টেস্টের ধরণ: (ক) শারীরিক পরিমাপ (উচ্চতা, ওজন)
(খ) কালার ব্লাইন্ড টেস্ট

উল্লেখ্য যে, কালার ব্লাইন্ড সমস্যা থাকলে প্রার্থী অনুত্তীর্ণ বলে বিবেচিত হবেন। তাছাড়া স্কিল টেস্টের দক্ষতা যাচাই পরীক্ষা কোভিড-১৯ অতিমারির কারণে শিথিল করা হয়েছে।

৭। **পরীক্ষার তফসিল (লটারি ১৫০০০ জন):**

নিবন্ধনের তারিখ	ব্যাক্তি ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা	পরীক্ষার তারিখ	ফলাফল ঘোষণা	আবেদনকারীর জন্ম তারিখ
আগস্ট ২৮~৩০	২০২৩-এর যে কোনো সময়	২০২৩	২০২৩	আগস্ট ২৯, ১৯৮২ ~ আগস্ট ২৮, ২০০৪

পরীক্ষার তফসিল পরিস্থিতি অনুযায়ী পরিবর্তনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত

৮। **ইন্ডাস্ট্রি :** ম্যানুফেকচারিং

৯। **উত্তীর্ণ প্রার্থীর (সম্ভাব্য) সংখ্যা:** এইচ আর ডি কোরিয়া কর্তৃক পরবর্তীতে ঘোষণা করা হবে।

- পূর্ণমান ২০০'র মধ্যে ১১০নম্বরের বেশি প্রাপ্তদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরের ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে।
- এ পরীক্ষায় উত্তীর্ণ ব্যাক্তিরাই শুধু ইপিএস-এর অধীনে চাকরির আবেদনপত্র জমা দিতে পারবে।

১০। **পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থী ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা:**

- **পরীক্ষা কেন্দ্র:**ইপিএস-টপিক সিবিটি সেন্টার
- **ঠিকানা:** M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ (বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত সেখানে বামদিকের লিফ্টে M ফ্লোর, ৬ ও ৭ তলার মাঝে)
- ইপিএস টিপিক ওয়েব সাইট (http://www.epstopik.hrdkorea.or.kr)
- বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.boesl.gov.bd)

১১। **পরীক্ষার নম্বর:**

প্রশ্নের ধরন	প্রশ্নের সংখ্যা	মোট নম্বর	সময়
রিডিং	২০	১০০	২৫মিনিট
লিসেনিং	২০	১০০	২৫মিনিট
মোট	৪০	২০০	৫০মিনিট

১২। **পরীক্ষার সেশন:**

সেশন	পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম)	পরীক্ষার্থী প্রশিক্ষণ	পরীক্ষা	
			রিডিং (২৫মিনিট)	লিসেনিং (২৫মিনিট)
১ম সেশন	08:30~09:30	09:30~10:00	10:00~10:25	10:25~10:50
২য় সেশন	10:00~11:00	11:00~11:30	11:30~11:55	11:55~12:20
৩য় সেশন	12:30~13:30	13:30~14:00	14:00~14:25	14:25~14:50
৪র্থ সেশন	14:00~15:00	15:00~15:30	15:30~15:55	15:55~16:20

- **প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন 09:30, ২য় সেশন 11:00, ৩য় সেশন 13:30, ৪র্থ সেশন 15:00 টা পর্যন্ত)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।**

- প্রশ্ন তৈরি, নম্বর বন্টন এবং পাশের মানদন্ড
  - মাল্টিপল চয়েস কোয়েশ্চান (এম সি কিউ)
  - কোন বিরতি ছাড়া রিডিং ও লিসেনিং পার্ট অনুষ্ঠিত হবে
- সকল প্রশ্ন এইচআরডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "ইপিএস টপিক স্ট্যান্ডার্ড টেক্সটবুক" এর ভিত্তিতে অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে করা হবে।
- পরীক্ষার দিন যা থাকতে হবে
  - প্রবেশ পত্র
  - মূল পাসপোর্ট

- কোভিড নেগেটিভ সনদ (পরীক্ষার তারিখের ২৪ ঘণ্টার মধ্যে ইস্যু করা নেগেটিভ সনদ হতে হবে)।

❖ নিবন্ধনের সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল তা অবশ্যই সঙ্গে থাকতে হবে। ফটোকপি গ্রহণযোগ্য নয়।

১৩। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা

❖ ঘোষণার তারিখ: পরীক্ষার দিন জানানো হবে।

❖ ঘোষণার পদ্ধতি:
- ইপিএস হোমপেইজ (www.eps.go.kr)
- বোয়েসেল হোমপেইজ (www.boesl.gov.bd)এবং বোয়েসেল এর নোটিশ বোর্ডে।
- ইপিএস টপিক হোমপেইজ (epstopik.hrdkorea.or.kr)

❖ পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ফলাফল ঘোষণার দিন থেকে ২বছর

১৪। অন্যান্য গাইডলাইন

➢ কোন পরীক্ষার্থী স্বেচ্ছায় কোরিয়া ত্যাগকারী নয় বলে প্রমাণিত হলে তার পরীক্ষার ফলাফল বাতিল বলে ধরে নেয়া হবে। এবং এ ব্যাপারে সকল দায়-দ্বায়িত্ব পরীক্ষার্থীর উপর বর্তাবে।

➢ উত্তীর্ণ ব্যাক্তিদের প্রি-রোস্টার তৈরি, রোস্টের অনুমোদন, চাকরি খোঁজার প্রক্রিয়া ইত্যাদি অতি দ্রুততার সাথে সম্পন্ন হবে এবং কোরিয়া যাওয়ার আগে প্রিলিমিনারি ট্রেইনিং দেয়ার প্রয়োজন হবে না।

➢ মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার PDA, MP3, ডিজিটাল অভিধান, ডিজিটাল ঘড়ি, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)। **সুতরাং এ সব দ্রব্যসমূহ পরীক্ষার দিন সাথে নিয়ে আসা থেকে বিরত জন্য থাকার অনুরোধ করা হচ্ছে।**

➢ অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ৩বছরের জন্য ইউবিটি'তে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।

➢ নিবন্ধন ফর্মে উল্লেখিত তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না এবং এ ব্যপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে।

➢ অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে প্রশ্ন করা হবে, এইচ আর ডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "দ্য স্ট্যান্ডার্ড টেক্সটবুক ফর ইপিএস-টপিক" এর ভিত্তিতে প্রশ্নপত্র প্রস্তুত করা হবে

➢ সকল পরীক্ষার্থীকে পরীক্ষার তারিখের ৪৮ঘন্টার ভেতর বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত হাসপাতাল থেকে ইস্যু করা কোভিড-১৯ নেগেটিভ সনদ সঙ্গে নিয়ে আসতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।

➢ পরীক্ষা আরম্ভের আগে আইডেন্টিটি চেক'র সময় এবং পরীক্ষা কক্ষে প্রবেশের সময় শারীরিক তাপমাত্রা মেপে দেখা হবে। নিগেটিভ সার্টিফিকেট থাকা সত্ত্বেও শারীরিক তাপমাত্রা ৯৯ ডিগ্রী সেন্টিগ্রেড বা তার বেশি থাকলে পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না। এছাড়া কারো কাছে কোভিড-১৯ এর অন্যান্য উপসর্গ পরিলক্ষিত হলেও পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।

➢ কোভিড পজিটিভ প্রার্থীদের এইচআরডি কোরিয়ার সম্মতিক্রমে ১৪দিন পর পুনরায় কোভিড পরীক্ষা করে কোভিড নেগেটিভধারীদের পরীক্ষার সুযোগ দেয়া হবে। তবে অবশ্যই পরীক্ষার আগে এইচআরডি কোরিয়া EPS center' বরাবর আবেদন করতে হবে।

স্ট্যান্ডার্ড টেক্সট বুকটি নিম্নের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে

Section	Contents	Address of webpage
Google Drive	Textbook file (PDF, Sound source)	https://docs.google.com/uc?id=1RjJhGvJNSVgpn72zXVPr1iEATyRgWKke&export=download&authuser=2 https://docs.google.com/uc?id=1aVmVBqMAjXTflTgJfRwDVWqKR6899NRm&export=download&authuser=2

- ইপিএস টপিকে উত্তীর্ণতা শুধু মাত্র জব অ্যাপ্লিকেশন করার যোগ্যতাকে নিশ্চিত করে, কোরিয়ায় চাকরির নিশ্চয়তা

বহন করে না।

- অধিকন্তু যে সব ব্যাক্তি মেডিক্যাল টেস্টে অনুত্তীর্ণ হবে এবং কোরিয়ায় অবৈধ থাকার অভিজ্ঞতা আছে অথবা ই-৯ নির্ণায়কে পড়ে না, তারা কোরিয়ায় চাকরি পাবে না।
- দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ টেস্ট'এ পজিটিভ হলে কোরিয়া থেকে ফেরত পাঠানো হয়।
- বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সঙ্গে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালর-এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক প্রেরণ করতে পারবে। ইপিএস-টপিক'এ উত্তীর্ণ হওয়ার পর যাদের জব রোস্টার কোরিয়ান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে তাদের মধ্য থেকেই কোরিয়ান শিল্প মালিকরা শ্রমিক নিয়োগ দিতে পারবে। অন্য কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- ইপিএস টপিক সিবিটি'র নিবন্ধন ও পরীক্ষার ফি'র পর কোরিয়ায় প্রবেশ পর্যন্ত যে ব্যয় হবে তা বৈধ প্রেরণ ব্যয় হিসেবে বোয়েসেল-এর হোম পেইজে প্রকাশিত থাকবে। সুতরাং কোরিয়ায় পাঠানোর নামে কোন প্রতিষ্ঠান বা ব্যাক্তির প্রতারণা থেকে সাবধান থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সাবধান করা হলো

ব্যবস্থাপনায়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র

বাস্তবায়নে: এইচ.আর.ডি-কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র

সহযোগিতায়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বোয়েসেল